

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৫

২৮ জানুয়ারী ২০১০  
তারিখঃ -----  
১৫ মাঘ ১৪১৬

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী,  
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারী ব্যাংক

প্রিয় মহোদয়,

পরিচালক নিযুক্তির যোগ্যতা ও উপযুক্ততা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ৫ নভেম্বর ২০০৭ তারিখের **বিআরপিডি সার্কুলার নং-১১** এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পরিচালক নিযুক্ত হওয়ার যোগ্যতা ও উপযুক্ততা বিষয়ে উক্ত সার্কুলারে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী কোন খেলাপী ঋণ গ্রহীতা ব্যাংকের পরিচালক নিযুক্ত হওয়ার যোগ্য নন। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ঋণ খেলাপী তথ্য গোপন করে এবং অসত্য ঘোষণা প্রদান করে ব্যাংকের পরিচালক নিযুক্ত হচ্ছেন যা অনিয়ম এবং সুশাসনের পরিপন্থী।

বর্ণিত অবস্থায়, **বিআরপিডি সার্কুলার নং-১১/২০০৭** এ বর্ণিত “পরিচালক নিয়োগের যোগ্যতা ও উপযুক্ততা” নিশ্চিতকল্পে পরিচালক নিয়োগ/পুনঃনিয়োগের পূর্বে মনোনীত ব্যক্তি ঋণ খেলাপী কি-না তা বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) এর হালনাগাদ রিপোর্টের মাধ্যমে যাচাই করতে হবে। উল্লেখিত সার্কুলার এর “পরিশিষ্ট-ক” অনুযায়ী প্রদত্ত ঘোষণাপত্রের সাথে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হালনাগাদ সিআইবি রিপোর্ট এবং পরিচালকদের হালনাগাদ তালিকাও এতদসঙ্গে সংযুক্ত করার জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু হেনা মোহাঃ রাজী হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১১৭৮২৫